গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রাজশাহী
উন্নয়ন শাখা
www.rajshahidiv.gov.bd

রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির অক্টোবর/২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর বিভাগীয় কমিশনার
সভার তারিখ	১৭ অক্টোবর, ২০২৩ খ্রি.
সভার সময়	বেলা ১১:৪৫ টা
স্থান	বিভাগীয় কমিশনার, রাজশাহী'র সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতে উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী গত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনান। সভাপতি গত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী আছে কিনা তা জানতে চান। অত:পর বিভিন্ন দপ্তরের সাথে স্ব-স্ব দাপ্তরিক বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়:

ক্র. নং	আলোচ্যসূচি ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	<u>বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ :</u> সভাপতি কর্তৃক গত ২১ আগস্ট, ২০২৩ তারিখে অনুষ্ঠিত উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী আছে কি না সে বিষয়ে সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। কোন সংশোধনী না থাকায় উক্ত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করার বিষয়ে আলোচনা হয়।	১। গত ২১ আগস্ট, ২০২৩ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী

<table>
<tr>
<td>২</td>
<td><u>বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার:</u>
বিগত ১৯ জুন, ২০২৩ ও ২১ আগস্ট, ২০২৩ মাসে অনুষ্ঠিত রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার পর্যালোচনা করা হয়, যা নিম্নরূপ:
<table>
<tr><th>মাসের নাম</th><th>গৃহীত সিদ্ধান্ত সংখ্যা</th><th>বাস্তবায়িত সিদ্ধান্ত সংখ্যা</th><th>সিদ্ধান্ত বাস্তবায়ন হার</th></tr>
<tr><td>জুন/২৩</td><td>৪৪</td><td>৪৩</td><td>৯৭.৭২%</td></tr>
<tr><td>আগস্ট/২৩</td><td>৪০</td><td>৩৮</td><td>৯৫%</td></tr>
</table>

শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সদস্যদের নির্দেশনা প্রদান করা হয়।</td>
<td>১। শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সচেষ্ট হতে হবে।</td>
<td>বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সদস্যবৃন্দ</td>
</tr>
<tr>
<td>৩</td>
<td><u>আইএমইডি:</u>
রাজশাহী বিভাগে চলমান বিভিন্ন দপ্তরের উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কোনো সমস্যা রয়েছে কি-না এবং তা নিরসনে করণীয় সম্পর্কে সভায় আলোচনা করা হয়।</td>
<td>১। রাজশাহী বিভাগে চলমান স্ব স্ব দপ্তরের আওতাধীন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কোনো সমস্যার উদ্ভব হলে তা ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে পত্র যোগাযোগ/সরাসরি আলোচনা/আন্তঃদপ্তর সমন্বয় করে সমাধানের বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়।</td>
<td>১। মহাপরিচালক, আইএমইডি, ঢাকা

২। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ</td>
</tr>
</table>

৪	**স্বাস্থ্য বিভাগ :** পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী জানান যে, ডেঙ্গু রোগ পরিস্থিতি আস্তে আস্তে উন্নতি হচ্ছে। তিনি আরো জানান যে, গত ১৬/১০/২০২৩ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী ২৮টি জেলার ৬৫টি উপজেলায় কমিনিউটি মডেল আই কেয়ার সেন্টার উদ্বোধন করেছেন। কমিনিউটি মডেল আই কেয়ার সেন্টারে ৭ ধরণের উন্নতমানের উপকরণ সরবরাহ করা হয়েছে। যেগুলোর মাধ্যমে বিনামূল্যে চোখের চিকিৎসা, ১১ ধরণের ঔষধ ও চশমা বিনামূল্যে প্রদান করা হবে। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ স্যালাইনের সংকটের বিষয়টি সভায় উপস্থাপন করেন। এছাড়া পর্যাপ্ত প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক ও ভৌত অবকাঠামো ছাড়া ডিপ্লোমা ইন মেডিকেল এসিস্ট্যান্ট পদে শিক্ষার্থী ভর্তি না করার বিষয়ে অনুরোধ জানান। জেলা প্রশাসক, নাটোর জানান যে, জনগণের চিকিৎসা সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে নলডাঙ্গা চিকিৎসা কেন্দ্রটি নতুন করে স্থাপন করা হয়। কিন্তু জনবল সংকট এবং চিকিৎসকের অভাবে নলডাঙ্গা চিকিৎসা কেন্দ্রটি পূর্ণাঙ্গভাবে চালু করা সম্ভব হয়নি। এ বিষয়ে সভায় পরিচালক (স্বাস্থ্য) এর দৃষ্টি আকর্ষণ করা হয়। সভাপতি বলেন, ম্যাটস এর ছাত্র-ছাত্রীদের উপযুক্ত শিক্ষককের দ্বারা শিক্ষাদান কার্যক্রম চালানোর বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। পরিচালক (স্বাস্থ্য) বলেন, বেসরকারি সংস্থা (NGO) বিভিন্ন জেলায় সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান এবং কলকারখানায় Hepatitis-B, জরায়ু ক্যান্সার, টাইফয়েড, ইনফ্লুয়েজা টিকা প্রদান কার্যক্রম চালাতে তৎপর রয়েছে। কিন্তু বর্ণিত টিকাগুলো মানসম্মত নয়। সভাপতি তাদেরকে উক্ত টিকা প্রদান কার্যক্রম হতে বিরত রাখার বিষয়ে সভায় সকল নির্দেশনা প্রদান করেন।	১। কমিনিউটি মডেল আই কেয়ার সেন্টারে সেবা প্রদানের বিষয়টি জনগণের মাঝে ব্যাপকভাবে প্রচার করতে হবে। ২। নাটোর জেলার নলডাঙ্গা চিকিৎসা কেন্দ্র দ্রুত চালুকরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। ৩। বেসরকারি সংস্থা (NGO) কে Hepatitis-B, জরায়ু ক্যান্সার, টাইফয়েড, ইনফ্লুয়েজা টিকা প্রদান করতে হলে পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ এর অনুমতি নিতে হবে।	১। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ ২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ৩। পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী

৫	**পরিবার পরিকল্পনা:** পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী জানান যে, মাতৃ মৃত্যুর হার কমানোর জন্য গর্ভধারণের পর পরই প্রসূতিকে চিকিৎসকের পরামর্শ গ্রহণ করা জরুরি। তাছাড়া প্রসূতিকে অনিরাপদ স্থানে না রেখে স্থানীয় চিকিৎসা কেন্দ্রে নিয়ে ডেলিভারির বিষয়ে সভায় আলোচনা করা হয়। এছাড়া পরিবার কল্যাণ পরিদর্শিকা (FWV) এর শূন্য পদসমূহ পূরণের বিষয়েও সভায় আলোচনা হয়।	১। গর্ভধারণের পর পরই প্রসূতিকে চিকিৎসকের পরামর্শ গ্রহণ এবং স্থানীয় চিকিৎসা কেন্দ্রে নিয়ে ডেলিভারি করাতে হবে। ২। পরিবার কল্যাণ পরিদর্শিকা (FWV) এর শূন্য পদসমূহ পূরণের জন্য সংশ্লিষ্ট বিভাগে পত্র প্রেরণ করতে হবে।	পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী বিভাগ
৬	**খাদ্য বিভাগ:** আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল জানান যে, খাদ্যশস্য সংগ্রহ কার্যক্রম সন্তোষজনক পর্যায়ে রয়েছে। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ জানান যে, চাল সংগ্রহ সন্তোষজনক হলেও ধান সংগ্রহ কার্যক্রম সন্তোষনজক নয়। জেলা প্রশাসক, বগুড়া জানান, ধান সংগ্রহের ক্ষেত্রে সরকারি মূল্যের তুলনায় বাজারমূল্য বেশি হওয়ায় কৃষকেরা বাজারে ধান বিক্রি করতে আগ্রহী হচ্ছে। ফলে সরকারি গুদামে লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ ধান সংগ্রহ করা সম্ভব হচ্ছে না। খাদ্য সংগ্রহ এবং বিতরণ কার্যক্রম একই সময়ে চালু না রাখার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। তবে লক্ষ্যমাত্রা অনুযায়ী ধান সংগ্রহ কার্যক্রম জোরদার করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। টিসিবির পণ্য যেন প্রতি মাসেই উত্তোলন করা হয় সে বিষয়ে আলোকপাত করা হয়। তাছাড়া ওএমএসসহ সকল ক্ষেত্রে ভারপ্রাপ্ত কর্মকর্তা (এলএসডি) এর মনিটরিং কার্যক্রম বৃদ্ধি করার বিষয়ে সভাপতি পরামর্শ প্রদান করেন।	১। অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা অনুযায়ী ধান/চাল/গম সংগ্রহ শতভাগ অর্জনের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। ২। ধান সংগ্রহ আরো জোরদার করতে হবে। ৩। টিসিবির পণ্য যেন প্রতি মাসেই উত্তোলন করা হয় সে বিষয়টি নিশ্চিত করতে হবে এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা (এলএসডি) এর মনিটরিং কার্যক্রম বৃদ্ধি করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল, রাজশাহী

৭	**কৃষি বিভাগ:** অতিরিক্ত পরিচালক, রাজশাহী অঞ্চল জানান যে, রোপা-আমন ধানের ফলন আগের তুলনায় ভাল অবস্থানে রয়েছে। তিনি আরো জানান যে, ধান উৎপাদনের লক্ষ্যমাত্রা ঠিক রেখে তেল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি করা হচ্ছে। যেমন সরিষার, তিল, তিষি বীজ জাতীয় ফসল চাষে কৃষকদেরকে উৎসাহিত করা হচ্ছে। সভাপতি বলেন, আন্ডার গ্রাউন্ড ওয়াটার ব্যবহার কমাতে স্বল্প পানির মাধ্যমে উৎপাদনযোগ্য ফসল চাষে কৃষকদের মাঝে সচেতনতা বৃদ্ধি করতে সভায় গুরুত্বারোপ করা হয়।	১। ধান উৎপাদনের লক্ষ্যমাত্রা ঠিক রেখে সরিষা, তিল ও অন্যান্য ফসলের উৎপাদন বৃদ্ধি করতে হবে। ২। আন্ডার গ্রাউন্ড ওয়াটার কম ব্যবহার করে স্বল্প পানির মাধ্যমে উৎপাদনযোগ্য ফসল চাষে কৃষকদেরকে উৎসাহিত করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল/ বগুড়া অঞ্চল
৮	**গণপূর্ত বিভাগ:** অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী এর পক্ষে প্রতিনিধি জানান যে, রাজশাহী বিভাগে মোট বরাদ্দকৃত মডেল মসজিদের সংখ্যা ৭৬টি। তন্মধ্যে ৪২টি মডেল মসজিদ উদ্বোধন করা হয়েছে। আগামী ৩০ অক্টোবর ২০২৩ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সের মাধ্যমে রাজশাহী বিভাগে আরো ৪টি মডেল মসজিদ উদ্বোধন করবেন। অবশিষ্ট মডেল মসজিদসমূহের নির্মাণ কাজ চলমান।	১। অবশিষ্ট মডেল মসজিদসমূহের নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী ৩। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী

৯	**<u>সড়ক বিভাগ:</u>** অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন জানান যে, তাদের একটি প্রকল্প বাস্তবায়নে রেলওয়ে বিভাগের সংশ্লিষ্টতা রয়েছে। কামারুজ্জমান চত্বর হতে নওহাটা ব্রিজ পর্যন্ত রাস্তাটি ৪ লেনের হবে। উক্ত রাস্তা সম্প্রসারণে রেলওয়ের সীমানা প্রাচীর অপসারণের ক্ষেত্রে ভূমির মালিকানা বিষয়ে জটিলতার সৃষ্টি হওয়ায় এখন পর্যন্ত তা অপসারণ করা সম্ভব হয়নি। গত ০৬/০৩/২০২৩ খ্রিঃ তারিখে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ রেলওয়ে (পশ্চিমাঞ্চল) রাজশাহী'র সাথে নিয়মিত যোগাযোগ স্থাপন করা হচ্ছে। জায়গাটি পেলে প্রকল্পের কাজ দ্রুত গতিতে চালানো সম্ভব হবে। তিনি আরো জানান যে, সিরাজগঞ্জ, বগুড়া, নওগাঁ এবং নাটোর জেলায় সড়ক বিভাগের ৪টি প্রকল্প মাননীয় প্রধানমন্ত্রী উদ্বোধন করবেন। যার মধ্যে ১৫০টি ব্রিজ রয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানটি বিভিন্ন স্থানে ব্যাপকভাবে প্রচারের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।	১। রাজশাহী কামারুজ্জামান চত্বর হতে নওহাটা ব্রিজ পর্যন্ত রাস্তা সম্প্রসারণের কাজে রেলওয়ের জমি নিয়ে সৃষ্ট জটিলতা নিরসনকল্পে দ্রুত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	১। জেলা প্রশাসক, রাজশাহী ২। মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন।
১০	**<u>এলজিইডি:</u>** অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী বিভাগ জানান যে, জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ভোটকেন্দ্রে যাতায়াতের সুবিধার্থে ক্ষতিগ্রস্ত ও ভাঙ্গা রাস্তাসমূহ মেরামত/সংস্কার করার নিমিত্ত টেন্ডার কার্যক্রম সম্পন্ন হয়েছে। দ্রুত মেরামত কার্যক্রম সম্পন্ন করা হবে।	১। জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ক্ষতিগ্রস্ত ও ভাঙ্গা রাস্তাসমূহ দ্রুত মেরামত/সংস্কার করতে হবে। ২। চলমান উন্নয়ন প্রকল্পগুলো নিয়মিত মনিটর করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী বিভাগ

১১	**জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:** জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল জানান যে, রাজশাহী বিভাগে মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে স্থাপিত সমুদয় পানির উৎসের পানি ল্যাবরেটরীর মাধ্যমে পরীক্ষা করা হয় এবং পানিতে দ্রবীভূত আর্সেনিকের মাত্রা সহনীয় পর্যায়ের মধ্যে পাওয়া গেলে সেক্ষেত্রে পানির উৎস তত্ত্বাবধায়কের নিকট হস্তান্তর করা হয়। অন্যথায় ট্রিটমেন্ট ইউনিট সংযুক্ত করে পুনরায় পানি ল্যাবরেটরীর মাধ্যমে পরীক্ষাপূর্বক সহনীয় মাত্রার আর্সেনিক প্রাপ্তি সাপেক্ষে পানির উৎস হস্তান্তর করা হয়। অবশিষ্ট পানির উৎস স্থাপন কাজ চলমান রয়েছে।	১। অবশিষ্ট পানির উৎস স্থাপন কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল
১২	**বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর:** পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী জানান যে, দেশীয় প্রযুক্তি ব্যবহার করে সোনালী মুরগি উৎপাদন করা হচ্ছে। কেউ যেন এ মুরগিকে পাকিস্তানি বা বিদেশী মুরগি হিসেবে বাজারজাত করতে না পারে সে বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি করতে প্রচার-প্রচারণার বিষয়ে সভায় আলোচনা করা হয়। তিনি আরো জানান যে, গবাদিপশুর 'লাম্পি স্কিন ডিজিজ' রোগ প্রতিরোধে টিকা প্রদান এবং জনসচেতনতা বৃদ্ধিতে উঠান বৈঠক, লিফলেট বিতরণসহ প্রচার-প্রচারণা অব্যাহত রয়েছে। লাম্পি স্কিন রোগ সম্পর্কে খামারিদের সতর্ক করতে উঠান বৈঠক, লিফলেট বিতরণ এর উপর সভায় গুরুত্বারোপ করা হয়।	১। দেশীয় প্রযুক্তি ব্যবহার করে সোনালী মুরগি উৎপাদন আরো জোরদার করতে হবে। ২। পশুর লাম্পি স্কিন রোগ সম্পর্কে খামারিদের সচেতন করতে উঠান বৈঠকসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী
১৩	**মৎস্য বিভাগ:** উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী জানান যে, ইলিশের প্রধান প্রজনন মৌসুমে মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৩ সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নে আগামী ১২ অক্টোবর হতে ০২ নভেম্বর পর্যন্ত ২২ দিনব্যাপী মা ইলিশ সংরক্ষণ অভিযান কার্যক্রম তদারকি, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। এ বিষয়ে সভায় সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়।	১। সরকারি নির্দেশনা মোতাবেক মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৩ বাস্তবায়ন করতে হবে। ২। মা ইলিশ সংরক্ষণ অভিযানে প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল),রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ

১৪	**পরিসংখ্যান বিভাগ:** যুগ্মপরিচালক, পরিসংখ্যান অফিস, রাজশাহী জানান যে, বিভিন্ন শুমারি ও জরিপ কার্যক্রম বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি কার্যক্রম অব্যাহত রয়েছে। তিনি আরো জানান যে, পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ) বগুড়ায় এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্টের আওতায় ০৫ দিনব্যাপী ৪০ জন কর্মকর্তাকে "কৃষি পরিসংখ্যান" সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়। অন্যান্য প্রশিক্ষণ চলমান রয়েছে।	১। পরিসংখ্যান বিষয়ে দক্ষ জনশক্তি গড়ে তুলতে প্রয়োজনীয় প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করতে হবে।	১। জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগ ২। যুগ্মপরিচালক, পরিসংখ্যান অফিস, রাজশাহী
১৫	**ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর:** বাজার মূল্য নিয়ন্ত্রণ ও ভোক্তা-অধিকার সংরক্ষণকল্পে নিয়মিত বাজার মনিটরিং অব্যাহত রয়েছে মর্মে সভাকে জানানো হয়।	১। কৃত্রিম সংকট সৃষ্টি করে যেন দ্রব্য মূল্য বৃদ্ধি করা না হয় সে বিষয়ে মনিটরিং আরো জোরদার করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী
১৬	**সমাজসেবা অফিস:** পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, রাজশাহী জানান যে, রাজশাহী বিভাগের সকল ইউনিটে শতভাগ জি টু পি পদ্ধতিতে ভাতা প্রদান কার্যক্রম কার্যক্রম চলমান রয়েছে। এ বিভাগের মোট ১৪ লক্ষ ৭১ হাজার ৬০২ জনকে বিভিন্ন ধরণের সামাজিক নিরাপত্তা ভাতা প্রদান করা হয়ে থাকে। ভাতার জন্য অনলাইনে আবেদন গ্রহণ করা হয়। এ বিভাগের সকল ইউনিটে শতভাগ জি টু পি পদ্ধতিতে সকল ভাতা প্রদান করা হয়।	১। ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড প্রভৃতি রোগে আক্রান্তদের আনুষ্ঠানিকতার মাধ্যমে আর্থিক সহায়তা প্রদান করতে হবে। ২। এ বিভাগে সকল ইউনিটে জি টু পি পদ্ধতিতে ভাতা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, রাজশাহী

১৭	**<u>ইসলামিক ফাউন্ডেশন:</u>** পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী ৩০ অক্টোবর ২০২৩ তারিখ শ্রেষ্ঠ ইমামদের পুরস্কার প্রদান করবেন। ২০২২-২৩ অর্থ বছরে রাজশাহী বিভাগের চাঁপাইনবাবগঞ্জ জেলার একজন ইমাম শ্রেষ্ঠ হয়েছেন। তিনি আরো জানান যে, এ বিভাগে আরো ৪টি মডেল মসজিদ মাননীয় প্রধানমন্ত্রী ৩০ অক্টোবর ২০২৩ তারিখ উদ্বোধন করবেন। উদ্বোধনের জন্য নির্ধারিত মডেল মসজিদের কাজ দ্রুত সম্পন্ন করার বিষয়ে সভায় গণপূর্ত জোনের দৃষ্টি আকর্ষণ করা হয়। সভাপতি চাঁপাইনবাবগঞ্জ জেলার যিনি শ্রেষ্ঠ ইমাম নির্বাচিত হয়েছেন সভার পক্ষ থেকে তাকে অভিনন্দন জানানো হয়। আযান এবং নামাজের সময় যেন মুসলমানদের অসুবিধা না হয়, সে বিষয়টি খেয়াল রেখে আসন্ন দুর্গাপূজা কার্যক্রম পরিচালনা করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। পূজা উপলক্ষ্যে অপ্রীতিকর কোনো ঘটনা ঘটিয়ে কেউ যেন সরকারের ভাবমূর্তি নষ্ট না করে সে বিষয়ে সজাগ থাকার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	১। আযান এবং নামাজের সময় যেন মুসলমানদের অসুবিধা না হয়, সে বিষয়টি খেয়াল রেখে আসন্ন দুর্গাপূজা কার্যক্রম পরিচালনা করতে হবে। ২। ধর্মীয় সম্প্রীতি বজায় রাখার জন্য ইমামদের মাধ্যমে মুসল্লিদের মাঝে সচেতনতা সৃষ্টি করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। পরিচালক, গণযোগযোগ অধিদপ্তর, বিভাগীয় জেলা কার্যালয়, রাজশাহী ৩। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী
১৮	**<u>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিস:</u>** প্রতিটি অফিসে অগ্নি নির্বাপণ যন্ত্র রাখা এবং অগ্নিকান্ড যেন না ঘটে সে বিষয়ে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণার অংশ হিসেবে সরকারি বিভিন্ন অফিসে অগ্নি নির্বাপণ মহড়া অনুষ্ঠানের আয়োজন চলমান রয়েছে। বিভিন্ন হাট-বাজার, শিক্ষা প্রতিষ্ঠান, কলকারখানা ও বিভিন্ন সংস্থায় গণসংযোগ ও টপোগ্রাফিকসহ মহড়া কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।	১। প্রতিটি অফিসে অগ্নি নির্বাপণ যন্ত্র রাখা এবং অগ্নিকান্ড যেন না ঘটে সে বিষয়ে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী

১৯	**বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ:** তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী জানান যে, রাত ১১:০০ টা হতে ভোর পর্যন্ত সেচযন্ত্রগুলো চালু রেখে ধানের জমিতে প্রয়োজনীয় পানি সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট অপারেটরদিগকে অবহিত করা হয়েছে। যে সকল সেচযন্ত্রের ট্রান্সফরমার নামানো/বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন রয়েছে, সে সকল সেচযন্ত্রগুলি অগ্রাধিকার ভিত্তিতে বিদ্যুৎ সংযোগ প্রদান করে ধানের জমিতে প্রয়োজনীয় পানি সরবরাহ নিশ্চিত করা হচ্ছে।	১। ধানের জমিতে প্রয়োজনীয় পানি সরবরাহ করার জন্য অগ্রাধিকার ভিত্তিতে সেচযন্ত্রগুলোতে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি, রাজশাহী ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী
২০	**যুব উন্নয়ন অফিস:** উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী জানান যে, রাজশাহী বিভাগের সকল জেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রাতিষ্ঠানিক ১০টি ট্রেডে এবং উপজেলা পর্যায়ে অপ্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষণসমূহ সুচারুভাবে অনুষ্ঠিত হচ্ছে। ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা ৩৭১০৫ জন। সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত প্রশিক্ষণের অগ্রগতি অর্জিত হয়েছে ২৬০১ জন। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন হবে। রাজশাহী বিভাগের সকল জেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী যুবদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ঋণ প্রদান কার্যক্রম পরিচালিত হচ্ছে। ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা ৫৬০৪ জন। সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত ক্ষুদ্রঋণ প্রদান করা হয়েছে ১৩২৩ জনকে এবং আত্মকর্মসংস্থানের লক্ষ্যে উদ্বুদ্ধ করা হচ্ছে। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন হবে।	১। প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক ট্রেডে অনুষ্ঠিত প্রশিক্ষণসমূহ নিয়মিত মনিটরিং করতে হবে। ২। আত্মকর্মসংস্থানে যুবঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী

২১	**বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড:** পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী জানান যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক ছাত্র/ছাত্রীদের শিক্ষাবৃত্তি, স্টাফদের জন্য বাস সার্ভিস, মহিলাদের জন্য কারিগরি প্রশিক্ষণ, সেলাই, ব্লক বাটিক, দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া প্রভৃতি সেবা প্রদান করা হয়ে থাকে। প্রদানকৃত সেবাসমূহ সম্পর্কে সংশ্লিষ্টদের অবগত করতে প্রচার-প্রচারণা অব্যাহত রয়েছে। বিভিন্ন সভা, সেমিনার, বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা, জেলা মাসিক সমন্বয় সভায় সেবাসমূহ সম্পর্কে সকলকে অবগত করা হয়। এছাড়াও কল্যাণ বোর্ডের প্রদত্ত নানাবিধ সেবার তালিকা এবং সেবা প্রদানের নিয়মাবলী সকলের অবহিতকরণের জন্য সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর পত্র যোগাযোগ করা হয়েছে।	১। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক প্রদানকৃত সেবাসমূহ সম্পর্কে সংশ্লিষ্টদের অবগত করতে প্রচার-প্রচারণা চালাতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী
২২	**আঞ্চলিক নির্বাচন অফিস:** আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী জানান যে, আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ভোটকেন্দ্রের নীতিমালা অনুযায়ী খসড়া ভোটকেন্দ্র প্রস্তুত করা হয়েছে। ভোটকেন্দ্রগুলোতে বিদ্যুৎ সংযোগ, লাইট এবং পানির ব্যবস্থা নিশ্চিতকরণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। ভোটগ্রহণ কর্মকর্তার তালিকা গ্রেড ভিত্তিক করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	১। ভোটকেন্দ্রগুলোতে বিদ্যুৎ সংযোগ, লাইট ও পানির ব্যবস্থা নিশ্চিতকরণসহ ওয়াশরুমগুলো পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। ২। গ্রেড ভিত্তিক ভোটগ্রহণ কর্মকর্তার তালিকা প্রস্তুত করতে হবে।	১। বিভাগীয় দপ্তর প্রধানগণ ২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল
২৩	**জাতীয় সঞ্চয় অধিদপ্তর :** উপপরিচালক, বিভাগীয় সঞ্চয় অফিস, রাজশাহী জানান যে, সঞ্চয়পত্রে বিনিয়োগের পরিমাণ রাজশাহী অঞ্চলে লক্ষ্যমাত্রার চেয়ে অনেক কম। তাই সঞ্চয়পত্রে বিনিয়োগ বৃদ্ধির জন্য সভার সকল সদস্যকে ভূমিকা রাখার জন্য অনুরোধ জানান এবং সভায় সকল সদস্যের মাঝে সঞ্চয়পত্রে বিনিয়োগে উদ্বুদ্ধকরণে লিফলেট বিতরণ করেন। সভাপতি ফেসবুক ও ওয়েবপোর্টালের মাধ্যমে লিফলেটটি প্রচারের জন্য পরামর্শ প্রদান করেন।	১। সঞ্চয়পত্রে বিনিয়োগের সরকারি লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে ব্যক্তিগত বিনিয়োগসহ অন্যান্যদের বিনিয়োগে উৎসাহিত করতে হবে।	বিভাগীয় দপ্তর প্রধানগণ

২৪	**<u>ওয়েবসাইটের কনটেন্টসমূহ হালনাগাদকরণ:</u>** রাজশাহী বিভাগের স্ব স্ব দপ্তরের ওয়েবসাইটসমূহের কনটেন্ট নিয়মিত হালনাগাদ করার জন্য স্ব স্ব দপ্তরের মাসিক সমন্বয় সভায় বিষয়টি এজেন্ডাভুক্ত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	১। স্ব স্ব দপ্তরের মাসিক সমন্বয় সভার এজেন্ডায় ওয়েবসাইট হালনাগাদকরণের বিষয়টি অন্তর্ভুক্তকরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	১। বিভাগীয় দপ্তর প্রধানগণ ২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ
২৫	**<u>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ):</u>** এ বিভাগের সকল দপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন এবং বিভিন্ন কার্যসম্পাদনের প্রমাণকসমূহ সংরক্ষণের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।	১। এ বিভাগের সকল দপ্তরকে ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বিভিন্ন কার্যসম্পাদনের প্রমাণকসমূহ সংরক্ষণ করতে হবে।	বিভাগীয় দপ্তর প্রধানগণ
২৬	**<u>বিবিধ:</u>** জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ বলেন যে, গত ১৭/১০/২০১৬ খ্রি. তারিখে তৎকালীন জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ মরহুম মোঃ জাহিদুল ইসলাম এ কার্যালয়ে সভায় অংশগ্রহণকালীন হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেন। সভাপতিসহ উপস্থিত সবাই তাঁর বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন।	-	-

অত:পর সভার আলোচনায় স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করার জন্য সদস্যদের প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



৩১-১০-২০২৩

ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর
বিভাগীয় কমিশনার
০২৫৮৮৮৫৭২৩৩ (ফোন)
০২৫৮৮৮৫৭৫২৯ (ফ্যাক্স)
divcomrajshahi@mopa.gov.bd

তারিখ: ১৫ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
৩১ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ০৫.৪৩.০০০০.০০৮.১৩.০০৫.২৩.৫৭৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য);
২। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য);
৩। সচিব, সচিবের দপ্তর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ;
৪। উপমহা পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, রাজশাহী রেঞ্জ, রাজশাহী;
৫। মহাপরিচালক, রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী;
৬। ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা;
৭। মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী;
৮। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী;
৯। পরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী;
১০। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ;
১১। পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী বিভাগ, রাজশাহী;
১২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী বিভাগ, রাজশাহী;
১৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়, অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, রাজশাহী বিভাগ, রাজশাহী ;
১৪। অতিরিক্ত পরিচালক , অতিরিক্ত পরিচালকের কার্যালয় , অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
১৫। অতিরিক্ত পরিচালক , অতিরিক্ত পরিচালকের কার্যালয়, অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল, বগুড়া;
১৬। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন;
১৭। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রংপুর জোন;
১৮। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী;
১৯। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ;
২০। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ;
২১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ;
২২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা;
২৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া;
২৪। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর;
২৫। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট;
২৬। অধিনায়ক, র‍্যাব-৫, রাজশাহী;
২৭। উপ-মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রাজশাহী রেঞ্জ;
২৮। প্রধান প্রকৌশলী, উত্তর পশ্চিমাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সপুরা, রাজশাহী;
২৯। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী;
৩০। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
৩১। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
৩২। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী;
৩৩। আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, শেরপুর, বগুড়া;
৩৪। আঞ্চলিক পরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, রাজশাহী ও রংপুর বিভাগীয় কার্যালয়, বগুড়া;
৩৫। আঞ্চলিক পরিচালক, বিসিক আঞ্চলিক অফিস, রাজশাহী;
৩৬। অধ্যক্ষ, রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী;
৩৭। অধ্যক্ষ, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া;
৩৮। অধ্যক্ষ, পাবনা মেডিকেল কলেজ, পাবনা;

৩৯। অধ্যক্ষ, শহীদ এম. মনসুর আলী মেডিকেল কলেজ, সিরাজগঞ্জ;
৪০। অধ্যক্ষ, নওগাঁ মেডিকেল কলেজ, নওগাঁ;
৪১। মহাব্যবস্থাপক-১, টেলিযোগাযোগ অঞ্চল (উত্তরাঞ্চল), রাজশাহী;
৪২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী;
৪৩। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;
৪৪। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়, নিশিন্দা, উপশহর, বগুড়া;
৪৫। পরিচালক, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), রাজশাহী;
৪৬। পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, রাজশাহী;
৪৭। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী;
৪৮। পরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী;
৪৯। পরিচালক, বিএসটিআই, নওদাপাড়া, রাজশাহী;
৫০। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী;
৫১। পরিচালক, বিভাগীয় শ্রম অধিদপ্তর, রাজশাহী;
৫২। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী;
৫৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী;
৫৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ;
৫৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী;
৫৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নাটোর;
৫৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ;
৫৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ;
৫৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা;
৬০। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিরাজগঞ্জ;
৬১। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বগুড়া;
৬২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জয়পুরহাট;
৬৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
৬৪। উপপরিচালক (চলতি দায়িত্ব), বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা, রাজশাহী;
৬৫। উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;
৬৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী;
৬৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী;
৬৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রাজশাহী জোন, রাজশাহী;
৬৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বগুড়া জোন, বগুড়া;
৭০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী;
৭১। আঞ্চলিক প্রকল্প পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি, রাজশাহী;
৭২। যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান অফিস, রাজশাহী;
৭৩। বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া;
৭৪। উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী;
৭৫। যুগ্মপরিচালক (সার), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, রাজশাহী বিভাগ, রাজশাহী;
৭৬। উপপরিচালক, আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী;
৭৭। জোনাল সেটেলমেন্ট অফিসার, রাজশাহী;
৭৮। জোনাল সেটেলমেন্ট অফিসার, পাবনা;
৭৯। জোনাল সেটেলমেন্ট অফিসার, বগুড়া;
৮০। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় অফিস, রাজশাহী;
৮১। উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, রাজশাহী;
৮২। উপপরিচালক, আঞ্চলিক স্কাউট অফিস, রাজশাহী;
৮৩। উপপরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রাজশাহী;
৮৪। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী;

৮৫। উপপরিচালক (চ:দা:), বিভাগীয় ঔষধ প্রশাসন অধিদপ্তর, রাজশাহী;

৮৬। উপপরিচালক(ভারপ্রাপ্ত), বিভাগীয় সঞ্চয় অফিস, রাজশাহী;

৮৭। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী;

৮৮। বিভাগীয় ব্যবস্থাপক, ব্র্যাক, রাজশাহী;

৮৯। যুগ্মপরিচালক (বীজ বিপণন), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, রাজশাহী বিভাগ;

৯০। উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;

৯১। সহকারী প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী;

৯২। কমিশনারের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এবং

৯৩। নাজির (অফিস), নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।

০১-১১-২০২৩

ড. মোঃ মোকছেদ আলী

অতিরিক্ত বিভাগীয় কমিশনার